গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০১৮.০৪.০১০.১৬. ৬১০

তারিখ : ০৪ চৈত্র ১৪৩১
১৮ মার্চ ২০২৫

পাথর মহাল ইজারার সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি

এ অফিসের ১০/০৩/২০২৫ তারিখের ০৫.৪৭.৫২০০.০১৮.০৪.০১০.১৬.২৬৪ নম্বর স্মারকপত্র মোতাবেক প্রকাশিত পাথর মহাল ইজারা বিজ্ঞপ্তিতে বর্ণিত সিডিউল বিক্রয়/দরপত্র গ্রহণ/দরপত্র বাক্স খোলার তারিখ এর পরিবর্তে নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সিডিউল বিক্রয়/দরপত্র গ্রহণ/দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র ফরম ক্রয়ের জন্য চালানের মাধ্যমে টাকা জমা করার জন্য উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোড নম্বর এর পরিবর্তে নিম্নবর্ণিত নতুন কোড নম্বর ব্যবহার করতে হবে।

সিডিউল বিক্রয়/দরপত্র গ্রহণ/দরপত্র বাক্স খোলার সংশোধিত তারিখ ও সময়:

পর্যায়	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলা ও খাম উন্মুক্তকরণের তারিখ ও সময়	মন্তব্য
১ম	২৪/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	২৫/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	২৫/০৩/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়ে বর্ণিত তফসিল বাতিল বলে গণ্য হবে।
২য়	০৬/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	০৭/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	০৭/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	
৩য়	১০/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন পর্যন্ত	১৩/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত	১৩/০৪/২০২৫ খ্রিষ্টাব্দ বেলা ২:০০ টা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)	

দরপত্র ফরম ক্রয়ের জন্য অটোমেটেড চালানের (A-Challan) মাধ্যমে টাকা জমা করার নতুন কোড নম্বর:

১৪২০৩০১১২২০৩০	১১০০০০০০০০	১১০০১০০০	১৪৪১২৯৯

১৮.৬.২৫

এইচ এম রকিব হায়দার
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

পাথর মহাল ইজারার সংশোধিত শর্তাবলী

০১	বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ পর্যন্ত প্রতি দরপত্রের জন্য ১০০০/-(এক হাজার) টাকা আবেদন ফি (সিডিউলের মূল্য) বাবদ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো ঢাকা এর অনুকূলে কোড নং- **১৪২০৩০১১২২০৩০-১১০০০০০০০-১১০১০০০-১৪৪১২৯৯** তে আবশিকভাবে এ-চালানের **(A-Challan)** মাধ্যমে জমা প্রদানপূর্বক ট্রেজারি চালানের মুলকপি দাখিল সাপেক্ষে জেলা প্রশাসকের কার্যালয়, (রাজস্ব শাখা) লালমনিরহাট এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট হতে দরপত্র (সিডিউল) ক্রয় করা যাবে। এক দফার জন্য ক্রয়কৃত দরপত্র ফরম (সিডিউল) অন্য দফায় দরপত্র ফরম হিসেবে ব্যবহার করা যাবে না।
০২	প্রতিটি পাথর কোয়ারির জন্য পৃথক পৃথক দরপত্র সীলমোহরকৃত খামে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব শাখায় স্থাপিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক দাখিল করতে হবে। খামের উপরে বিবেচ্য পাথর কোয়ারির নাম স্পষ্টভাবে লিখতে হবে। দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ফরম (সিডিউল) বিক্রয় করা হবে না।
০৩	দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৩ (তিন) কপি ছবি, জাতীয় পরিচয়পত্র (এনআইডি), আয়কর ও ভ্যাট প্রদানের সনদ, ট্রেড লাইসেন্স (হালনাগাদকৃত) ও যে কোন তফসিল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের কপি (সত্যায়িত) দাখিল করতে হবে।
০৪	দরপত্র দাখিলের সময় পাথর কোয়ারির বিপরীতে উদ্ধৃত ইজারামূল্যের ২৫% নিরাপত্তা জামানত বাবদ যে কোনো তফসিল ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জেলা প্রশাসক, লালমনিরহাট বরাবর জমা প্রদান করতে হবে। প্রয়োজনীয় সংযুক্তি/সংলগ্নীসহ যথাযথভাবে পূরণকৃত দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট-এ স্থাপিত টেন্ডার বাক্সে বর্ণিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। যোগ্য দরদাতা কর্তৃক নিরাপত্তা জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এ কার্যালয়ে রক্ষিত থাকবে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা- এর নির্দেশনামতে ফেরত প্রদান করা হবে। তবে নির্ধারিত সময়ের মধ্যে পাথর কোয়ারির ইজারা বাবদ সমুদয় ইজারামূল্য জমা প্রদানে ব্যর্থ হলে বিধি অনুযায়ী তা সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের নিরাপত্তা জামানত যথাযথ প্রক্রিয়ায় ফেরত প্রদান করা হবে।
০৫	যে সকল পাথর কোয়ারির উপর সরকার/উচ্চ আদালত/দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত কর্তৃক স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল পাথর কোয়ারি ইজারা স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর বিধি মোতাবেক পরবর্তী ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এজন্য দেরিতে দখল বুঝে পাওয়ার অজুহাত দেখিয়ে পরবর্তীতে মেয়াদ বৃদ্ধির আবেদন সর্ব আদালতে আইনত অগ্রাহ্য হবে। এতৎব্যতীত কোন পাথর কোয়ারির কোন দাগের উপর কিংবা সম্পূর্ণ পাথর কোয়ারির উপর বিজ্ঞ আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ থাকলে তা উল্লেখ না হলেও ইজারা বর্হিভূত বলে গণ্য করা হবে।
০৬	দরপত্রের নির্দিষ্ট স্থানে দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্র ফরমে কোনো কাঁটা-ছেড়া অথবা ঘষামাজা কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৭	সর্বোচ্চ দরদাতার দরপত্র গৃহীত হওয়ার পর সরকার কর্তৃক পাথর কোয়ারি ইজারা অনুমোদিত হলে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তাঁকে ইজারামূল্যের অর্থসহ প্রদত্ত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর এককালীন পরিশোধ করতে হবে। চুক্তি সম্পাদনপূর্বক বিএমডি হতে ইজারা মঞ্জুরিপত্র ও কার্যাদেশ দেওয়া হবে। যথাসময়ে সম্পূর্ণ ইজারামূল্য ও সরকারি অন্যান্য পাওনাদি পরিশোধে ব্যর্থতায় দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পাথর কোয়ারিটি পুনঃইজারা প্রদান করা হবে।
০৮	অনুমোদিত দরদাতা/ইজারাগ্রহীতা কোনক্রমেই কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত ইজারাপ্রাপ্ত পাথর কোয়ারি অন্যের নিকট সাবলিজ প্রদান করতে পারবেন না। পূর্বানুমতি ব্যতীত সাব-লিজ প্রদান করা হলে ইজারা বাতিলপূর্বক প্রদত্ত নিরাপত্তা জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৯	প্রতি পর্যায়ে ইজারার জন্য গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট পাথর কোয়ারিসমুহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। প্রতি পর্যায়ের অ-ইজারাকৃত পাথর কোয়ারিসমূহের তালিকা পরবর্তী পর্যায়ে আবেদন ফরম ক্রয়ের পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব শাখা হতে ও বিএমডি হতে জানা যাবে।
১০	যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে পাথর কোয়ারি ইজারা সংক্রান্ত জেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র কিংবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বাস্তবতার নিরিখে পাথর কোয়ারির তফসিল হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোনো সময় যে কোনো পর্যায়ে এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১১	দরপত্র যে পর্যায়ে যে সময়ে আহ্বান করা হোক না কেন ইজারা মঞ্জুরির তারিখ হতে **১লা বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত সংশ্লিষ্ট পাথর কোয়ারির মেয়াদ বলবৎ থাকবে।** ইজারা মঞ্জুরি প্রদানে বা দখল গ্রহণে বিলম্ব হয়েছে অথবা অন্য কোনো অজুহাতে ইজারার মেয়াদ বর্ধিত করার আবেদন দাখিল করা যাবে না। এরূপ আবেদন সর্ব আদালতে সর্বাবস্থায় অগ্রাহ্য হবে।
১২	ইজারা মঞ্জুরির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোয়ারির দখল ইজারাগ্রহীতার অনুকূলে হস্তান্তর করা হবে। ইজারা মঞ্জুরির পূর্বে কোয়ারি হতে পাথর উত্তোলন করা যাবেনা। এরূপ উত্তোলন অবৈধ বলে গণ্য হবে। এছাড়া সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/আদেশ/নির্দেশ প্রতিপালন করতে হবে। সরকারি নীতিমালা মোতাবেক ও সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধানের আলোকে যে কোনো প্রকারে কর, ট্যাক্স ডিউটি ইত্যাদি প্রদান/পরিশোধ করতে ইজারাগ্রহীতা বাধ্য থাকবেন।
১৩	ভূ-উপরিভাগ থেকে সর্বোচ্চ ৫ মিটার গভীরতা পর্যন্ত অযান্ত্রিক পদ্ধতিতে (কোদাল, শাবল, বালতি, ঝুড়ি) পরিকল্পিতভাবে পিট (কূপ বা গর্ত) খনন করে বালি মিশ্রিত পাথর উত্তোলন করতে হবে। পাথর উত্তোলন শেষে মাটি/বালু দিয়ে পুনরায় খননকৃত পিট (কূপ/গর্ত) ভরাট করে দিতে হবে।
১৪	কোয়ারির অস্তিত্ব রক্ষায় এবং পরিবেশের ভারসাম্য বজায় রাখতে বোমা মেশিন/অন্য যে কোন ধরণের যন্ত্রের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং জনস্বার্থ ক্ষুণ্ন হয় এমন কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।
১৫	ইজারাগ্রহীতা পাথর উত্তোলনকালে খননকৃত কূপের ঢাল, পরিসীমা/চৌহদ্দি যথাযথ বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন।
১৬	পাথর জমা করে কোনভাবেই নদীর গতিপথ বন্ধ করা যাবে না। নদীর তীরবর্তী এলাকায় পিট (কূপ/গর্ত) খনন করে পাথর উত্তোলনের ক্ষেত্রে নদীর তীর ভাঙ্গন কিংবা নদীর গতিপথ পরিবর্তন হয় এমন কার্যক্রম হতে বিরত থাকতে হবে।
১৭	পাথর কোয়ারি সংলগ্ন নদীর পাড়, বাঁধ ইত্যাদি রক্ষার্থে ইজারা গ্রহীতা নিজ ব্যয়ে ডাইভারশন করে পাথর উত্তোলন করবেন। কোনোক্রমেই বাঁধ/পাড়ের ক্ষতি সাধন করা যাবে না। কোনোক্রমেই জনস্বাস্থ্য ও জনস্বার্থ বিঘ্নিত করা যাবে না। রাস্তাঘাট, চা-বাগান, জনগুরুত্বপূর্ণ জাতীয় স্থাপনা/স্থাপনাসমূহের কোনো ক্ষতিসাধন করা যাবে না এবং সর্বাবস্থায় ইহা ইজারা বর্হিভূত বলে গণ্য হবে। পরিবেশের ভারসাম্য বিনষ্ট করা যাবে না ও পরিবেশ প্রকৃতির পরিপন্থি কোনো কার্যক্রম চালানো যাবে না।
১৮	সেতু, কালভার্ট ড্যাম, ব্যারেজ, বাঁধ, সড়ক, মহাসড়ক, রেললাইন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি স্থাপনা হতে সর্বনিম্ন ১৫০ (একশত পঞ্চাশ) মিটার, বসত বাড়ি, জনপথ, ভবন, বাজার, শিক্ষা স্থাপনা ও কবরস্থান হতে সর্বনিম্ন ৫০ (পঞ্চাশ) মিটার এবং বৈদ্যুতিক থাম/ টাওয়ার, সেতু (দৈর্ঘ্য ৩০ মিটার পর্যন্ত), গ্যাস লাইন (উচ্চ চাপ) হতে ২৫ (পঁচিশ) মিটার দূরত্ব বজায় রেখে কোয়ারির কার্যক্রম পরিচালনা করতে হবে।
১৯	এ দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইট (www.lalmonirhat.gov.bd) এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দাপ্তরিক ওয়েবসাইট (www.bomd.gob.bd)-এ পাওয়া যাবে।

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

লালমনিরহাট জেলার পাথরমহালসমূহ ০১ বৈশাখ ১৪৩২ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দে ইজারা প্রদানের নিমিত্ত পাথরমহালের তফসিল ও সরকারি ইজারামূল্য

ক্র. নং	উপজেলার নাম	মৌজার নাম	পাথর মহালের নাম	খতিয়ান নং	দাগ (একরে)	জমির পরিমাণ (একরে)	ইজারামূল্য (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	পাটগ্রাম	ইসলামপুর	ইসলামপুর পাথর মহাল	০১	৫০৮০,৫০৭৭,২০১৩,২০১৬,২১২৬	১৫	৬,১৪,২৫০/-
০২		আজিজপুর	আজিজপুর পাথর মহাল	০১	৩১৭৫	০৪.১৭	৩,১৫,৯০০/-
০৩		ব্যাংকান্দা	ব্যাংকান্দা পাথর মহাল	০১	১৬,৬৭,৭১৯,১৩৮৩,১৩৮১	১২	৪,৩৮,৭৫০/-
০৪		ধবলসতী	ধবলসতী পাথর মহাল	০১	১৮২৫	০৩.৫০	২,১০,৬০০/-
০৫		শমসেরপুর	শমসেরপুর পাথর মহাল	০১	১৩,১১১৬,২৫০৫,২৬২৪,২৯২৪,৩৫০৪, ৩৫০৫	১৩	১,৯৩,০৫০/-
০৬		মোমিনপুর	মোমিনপুর পাথর মহাল	০১	১০৬,১১০,১৩৫,২০৭,২৩৯,২৩৭,১২৮৩	১২	১,৭৫,৫০০/-
০৭		জোংড়া	জোংড়া পাথর মহাল	০১	৪৯৫	০১.১৪	১,০৫,৩০০/-
০৮		উফারমার	উফারমার পাথর মহাল	০১	৭৩৮১,৭৩৯২,৭৫২৮,৭৫৪৮,৭৭৬৭,৮১২২, ৮৩৩৮,৭৪৮০,৭৪৮১	০৫.৫১	১,৭৫,৫০০/-
০৯		মির্জারকোট	মির্জারকোট পাথর মহাল	০১	২৭৪৩,২৬৬৩,১৮৫৭,১৮২৫,২৯২৫	০৬.৫৭	১,৪০,৪০০/-

(জি, আর, সারোয়ার)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লালমনিরহাট